

2 0 1 7

BENGALI

( Major )

Paper : 5.4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

- (ক) লাতেহার পাহাড়ের একটি মৌয়া গাছকে সঞ্জীবচন্দ্র কী নাম দিয়েছিলেন ?
- (খ) “বর্ষাকালে কোলেরা কেবল এই ফুল খাইয়া দুই-তিন মাস কাটায়।” কোন্ ফুলের কথা বলা হয়েছে ?
- (গ) ‘পালামৌ’-এর প্রবন্ধগুলি সঞ্জীবচন্দ্র কোন্ ছদ্মনামে প্রকাশ করেছিলেন ?
- (ঘ) ‘পালামৌ’ রচনাকালে সঞ্জীবচন্দ্রের বয়স কত ছিল ?
- (ঙ) *Book of Tea* গ্রন্থের লেখক কে ?
- (চ) জাপান যাত্রায় রবীন্দ্রনাথের কনিষ্ঠতম সহযাত্রী কে ছিলেন ?
- (ছ) “ইনি এককালে আমাদের শান্তিনিকেতন আশ্রমে জুজুৎসু ব্যায়ামের শিক্ষক ছিলেন।” কার কথা বলা হয়েছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) কখন সঞ্জীবচন্দ্র ছোটনাগপুরের উদ্দেশে রওয়ানা হয়েছিলেন? সেখান থেকে পালামৌ কতদিনে পৌঁছেছিলেন?
- (খ) “এরা বাই, এরাই তখন ঝাঁ সাহেব বলিয়া ডাকিয়াছিল।” বক্তা কে? ‘ঝাঁ সাহেব’ বলে কাকে ডাকা হয়েছিল?
- (গ) জাপান ইউরোপের কাছ থেকে কোন্ দুটি বিষয়ের দীক্ষা গ্রহণ করেছে?
- (ঘ) রবীন্দ্রনাথ কত তারিখ জাপান পৌঁছেন? তিনি জাপানে প্রথম কার বাড়িতে আতিথ্য গ্রহণ করেন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “মনুষ্য বৃদ্ধ না হইলে সুন্দর হয় না।” তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) হাজারিবাগে যে ভদ্রলোকের বাড়িতে লেখক আতিথ্য গ্রহণ করেছিলেন সেই ভদ্রলোকের চরিত্র বর্ণনা করো।
- (গ) কোল জাতির মধ্যে বৃদ্ধার সংখ্যা কম দেখা যায় কেন, আলোচনা করো।
- (ঘ) “আমাদের এই জাপানি কাপুনের একটু বিশেষত্ব আছে।” ‘বিশেষত্ব’টি আলোচনা করো।
- (ঙ) জাপানি চিত্রকলা সম্পর্কে রবীন্দ্রনাথের অভিজ্ঞতাটি নিজের ভাষায় বর্ণনা করো।

- ৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘পালামৌ’ অবলম্বনে সঞ্জীবচন্দ্রের পর্যবেক্ষণ শক্তির পরিচয় দাও।
- (খ) ‘পালামৌ’ অবলম্বনে কোলেদের বিবাহোপলক্ষে ব্যয়জনিত দুর্দশার বিবরণ দাও।
- (গ) রবীন্দ্রনাথের মতে, “তাঁহার (সঞ্জীবচন্দ্র) প্রতিভার ঐশ্বর্য ছিল, কিন্তু গৃহিণীপনা ছিল না।” মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ক) ‘জাপানযাত্রী’ অবলম্বনে জাপানিদের সৌন্দর্যবোধের পরিচয় দাও।
- (খ) “জাপানের যেটা শ্রেষ্ঠ প্রকাশ সেটা অহংকারের প্রকাশ নয়, আত্মনিবেদনের প্রকাশ।” এই মন্তব্যের আলোকে জাপানিদের চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।
- (গ) ভ্রমণকাহিনি হিসেবে ‘জাপানযাত্রী’র সার্থকতা বিচার করো।

★ ★ ★